দৈনিক ইনকিলাব

তারিখ ... 10 NOV 2008
পৃষ্ঠা - ৩ কলাম - ৩

# বৈষম্য নিরসনে মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর স্থাপনের তাগিদ

## শিক্ষক-কর্মচারী ফ্রন্টের সংবাদ সম্মেলন

ফ রিপোর্টার

শিক্ষক-কর্মচারী ফ্রন্টের নেতৃবৃন্দ বলেছেন, রাজনৈতিক দলগুলোর নির্বাচনী ইশতেহারে শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা প্রশাসন দলীয় রাজনীতির প্রভাবমুক্ত করার বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে। সেই সঙ্গে শিক্ষা ক্ষেত্রে ক্রমবর্ধমান বৈষম্য নিরসনে গ্রাম ও শহর, নারী ও পুরুষ এবং সাধারণ ও কারিগরি শিক্ষাকে অগ্রাধিকার দেয়ার পাশাপাশি মাধ্যমিক শিক্ষার জন্য পৃথক অধিদপ্তর স্থাপন করতে হবে।

গতকাল (রোববার) জাতীয় প্রেসক্লাবে ফ্রন্ট আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবী জানান। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ফ্রন্টের প্রধান সমন্বয়কারী প্রিন্সিপাল কাজী ফারুক আহমেদ। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন মোহাম্মদ আজিজুল ইসলাম, প্রফেসর আসাদুল হক, প্রিন্সিপাল মোঃ শাহজাহান, প্রিন্সিপাল এম এ সাত্তার, প্রিন্সিপাল মোহাম্মদ আলী চৌধুরী প্রমুখ।

নির্বাচনকে সামনে রেখে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের প্রত্যাশা অনুযায়ী ১১ থেকে ২০ নভেম্বর পর্যন্ত বিভিন্ন কর্মসূচী ঘোষণা করেন। কর্মসূচীর মধ্যে রয়েছে জেলা ও উপজেলা পর্যায়ে অভিভাবক ও পেশাজীবীদের সাথে

শিক্ষক ও শিক্ষাকর্মীদের নিজ নিজ এলাকা বাল্য বিবাহ, যৌতুকের কুফল, নিজ মানবি ও গণতান্ত্রিক অধিকার সম্পর্কে সচেতন বৃদ্ধি, নির্যাতিত, চাকরিচ্যুত, পদোন্নতি এমপিও বঞ্চিত শিক্ষক-কর্মচারীদে